

ইউকে-তে অনলাইনে একটি ব্যক্তিগত ঋণ, নিশ্চয়তায়ুক্ত ঋণ, ঋণের পরিপূরক ঋণ বা ব্যবসায়িক ঋণ খুঁজে নিন

লোনসাইট ইউকে-র প্রথম সারির অন-লাইন আর্থিক মধ্যস্থতাকারীদের মধ্যে অন্যতম। 1999 সালে আমাদের প্রথম ওয়েবসাইটটি চালু করার পর থেকে আমরা হাজার হাজার ব্যবহারকারীদের ঋণ খুঁজে পেতে সাহায্য করেছি।

ইউকে-তে ঋণ বা মর্টগেজের সবচেয়ে ভাল প্রস্তাবটি সন্ধান করার জন্য আমাদের বন্ধুত্বপূর্ণ ও অভ্যর্থনাকারী পরিষেবাটি ব্যবহার করুন। আপনি যখন আমাদের গোপন জিজ্ঞাসা ফর্মটি পূরণ করবেন, তখন আপনার বিবরণগুলি ইউকে-র প্রথম সারির ফাইন্যান্স কোম্পানীগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে। সাধারণতঃ কয়েক ঘন্টার মধ্যে, আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে একটি নিয়মানুগ সিদ্ধান্ত সহ আপনার সাথে যোগাযোগ করা হবে। আমরা এই পরিষেবার জন্য আপনার উপর কোন মূল্য ধার্য করব না, তাই এ ব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই।

লোনসাইটটি কোন ফাইন্যান্স কোম্পানীর কাছ থেকে অনুমোদনপ্রাপ্ত নয়, বা আপনার প্রদত্ত তথ্যগুলিকে, লাইসেন্স প্রাপ্ত ঋণদানকারী ও ব্রোকারদের একটি প্যানেলের কাছে পাঠানো ছাড়া এটি অন্য কোন কাজ করে না। আপনার বিবরণগুলি অন্য কোন কারণে ব্যবহার করা হবে না এবং আমরা নিশ্চয়তা দিচ্ছি যে, সেগুলিকে গোপন রাখা হবে।

আপনি আপনার নিজের বাড়ির মালিক হলে, বিকল্পগুলি :

নিশ্চয়তায়ুক্ত ঋণ বা হোমওনার ঋণ

একটি নিশ্চয়তায়ুক্ত ঋণের ক্ষেত্রে, ঋণপ্রদানকারীর দ্বারা আপনার সম্পত্তির উপর ঋণের নিশ্চয়তা দেওয়া হয়। এর অর্থ হল, ঋণপ্রদানকারীর, কোন টাকা হারানোর খুব কম ঝুঁকি রয়েছে এবং তাই একটি নিশ্চয়তাহীন ঋণের তুলনায় নিম্ন APR (অ্যানুয়াল পারসেন্টেজ রেট)-র হারে তারা একটি ঋণ দিতে পারবে।

ইউকে-তে আপনার যদি একটি প্রতিকূল বা সীমিত ঋণগ্রহণের ইতিহাস থাকে, সেক্ষেত্রে একটি নিশ্চয়তায়ুক্ত ঋণ পাওয়া সহজতর হয়। বাকী পড়া বা পেমেন্ট না দেওয়ার মত অতীত সমস্যাগুলির ক্ষেত্রেও অনেকটা পর্যন্ত ছাড় দেওয়া হয়। বাড়ির মালিকরা নিশ্চয়তাহীন ঋণও পেতে পারেন।

একটি মর্টগেজ সন্ধান করুন

একটি ‘স্ট্যান্ডার্ড’ মর্টগেজ খুঁজে পেতে আপনাকে সাহায্য করা সাথে সাথে, আমাদের ঋণপ্রদানকারীদের প্যানেল, স্ব-প্রমাণপত্র বা সেলফ সাটিফিকেশনের মত এক গুচ্ছ বিশেষ মর্টগেজের ব্যবস্থা করে আপনাকে সাহায্য করতে পারে। সেলফ-সাঁট মর্টগেজের ক্ষেত্রে ঋণগ্রহণকারী, বেতনের স্লিপের মত কোন নথি না দিয়েও নিজের আয় সম্পর্কে নিজেই প্রমাণপত্র দিতে পারেন। আপনি যদি চাকরীজীবী বা স্ব-নিযুক্ত হন, তাহলে আপনি আবেদন করতে পারেন। যাদের ঋণের ইতিহাস খারাপ বা যারা স্বল্প সময়ের জন্য চাকরী করেছেন, সেসব আবেদনকারীদেরও তারা মর্টগেজ খুঁজে পেতে সাহায্য করতে পারেন।

একটি রিমর্টগেজ খুঁজে নিন

একটি রিমর্টগেজ বা পুনঃ-বন্ধক আপনার টাকা বাঁচাতে পারে। একটি রিমর্টগেজ আপনার সম্পত্তির মূল্যের উপর তৈরী হওয়া ইকুইটি বা বৃদ্ধিটিকে সহজে বের করে দিতে পারে। এছাড়া একটি অপেক্ষাকৃত ভালো মর্টগেজ প্রস্তাবে চলে যাওয়া ও তার সাথে সাথে অব্যবহিত মাসিক সঞ্চয়ের একটি দারুণ উপায় হওয়াতে, আপনি কিছু অতিরিক্ত নগদ অর্থ হাতে পেতে পারেন।

আপনি যদি আপনার নিজের বাড়ির মালিক না হন - ভাড়া, বাবা-মায়ের সাথে থাকেন ইত্যাদি, সেক্ষেত্রে বিকল্পগুলি

একটি নিশ্চয়তাহীন ঋণ বা টেন্যান্ট ঋণ খুঁজে নিন

একটি নিশ্চয়তাহীন ঋণের ক্ষেত্রে ঋণ পরিশোধকালে বেশী টাকা দিতে হতে পারে, তবে এক্ষেত্রে নিশ্চয়তায়ুক্ত ঋণের ঝুঁকিটি থাকে না। আপনি যদি তা পরিশোধ না করেন, সেক্ষেত্রে ঋণপ্রদানকারী আপনার কাছ থেকে আপনার বাড়িটি

নিয়ে যেতে পারে না। এই কারণে, অতীতে একটি ঋণ বা ক্রেডিটের ক্ষেত্রে, আপনার বিলম্বিত পরিশোধ বা পরিশোধ না করার কারণে কোন সমস্যা থাকলে বা ইউকে-তে আপনার ঋণগ্রহণের সীমিত ইতিহাস থাকলে, একটি নিশ্চয়তাহীন ঋণ পাওয়া কঠিন হতে পারে।

ব্যবসায়িক ঋণ ও মর্টগেজগুলি

ব্যবসা শুরু করা বা ব্যবসা বাড়ানোর জন্য একটি ব্যবসায়িক ঋণের সন্ধান করার কথা ভাবছেন কি?

একটি ব্যবসা শুরু করা, বাড়ানো, নগদ অর্থের সরবরাহের জন্য অর্থ পাওয়া যায়। নিজে নিজের মালিক হয়ে ওঠার ক্ষেত্রে অর্থের ঘাটতি হতে দেবেন না, নিয়মানুগভাবে প্রথম অনুমোদন পাওয়ার জন্য আজই জিজ্ঞাসা করুন। ব্যবসায়িক প্রয়োজনে একটি বাই-টু-লেট মর্টগেজ বা বাণিজ্যিক মর্টগেজ পাওয়ার ক্ষেত্রেও আমাদের ঋণপ্রদানকারীরা আপনাকে সাহায্য করতে পারেন।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, এই পরিষেবাটি শুধুমাত্র ইউকে-র অধিবাসীদের জন্য উপলব্ধ রয়েছে।

আপনি আপনার বাড়ির মর্টগেজ বা এর উপরে পাওয়া কোন ঋণের টাকা পরিশোধ না করলে, আপনার বাড়িটিকে পুনর্দখল করে নেওয়া হতে পারে।